

## একটি গাছ

এডেনিস

আমি কোনো তরবারি বহন করি না,  
আমি কখনো কোনো মাথাকে ভাস্কর্য বানাই নাই  
গ্রীষ্মে ও শীতে  
আমি এক পাখির আশ্রয়  
প্রবল ক্ষুধার প্রবাহে  
এক শূন্য নীড়ে ।  
আমার রাজত্ব হলো জলের  
পথ ।  
প্রত্যেক অনুপস্থিতিতে আমি আছি ।  
ব্যথায় অথবা লজ্জায়,  
বৃষ্টিতে অথবা শুষ্কতায়,  
কাছে কিংবা দূরে—  
আমি বস্তুর আলোকে প্রভাবিত করি ।  
আর যখন আমি চলে যাই,  
আমি পৃথিবীর দরজা বন্ধ করি  
আমার পেছনেই ।

এডেনিস (অফুড়হরৎ/ অফুহরৎ) ছদ্মনামেই সিরিয়ান কবি আলি আহমেদ সাইদ এসবার বিশ্বব্যাপী পরিচিত । আরববিশ্বের অন্যতম প্রভাবশালী কবি এডেনিস একাধারে প্রাবন্ধিক ও অনুবাদক । বিশ শতকের আরবি কবিতায় তিনি এতোটাই ভীষণ ও তীব্র যে তাকে ভূমিকম্পের সাথে তুলনা করা হয় । আরবি সাহিত্যের টি এস এলিয়ট বলা হয় তাকে । বিশটি কবিতার বই এবং তেরোটি সমালোচনার বইয়ের পাশাপাশি তিনি সঁ ঝ পার্স এবং ইয়েস বুনেফোয়ের মতো কবির কবিতা অনুবাদ করেছেন । আরবি ভাষায় তিনিই প্রথম ওভিদের মেটামরফোসিস অনুবাদ করেছেন । তার সংকলিত ও সম্পাদিত 'দিওয়ান আশ-শিল আল-আরবি' আরববিশ্বের প্রায় দুই সহস্র বছরের কবিতার সংকলন ।